# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা।

website : www.bmeb.gov.bd

নং-বামাশিবো/রিক/সদর-হবিগঞ্জ-৬৩/ ১১৭ তারিখঃ ২০ /০৭ /২০১৬

বিষয়ঃ **হবিগঞ্জ জেলার সদর উপজেলাধীন শায়েস্তাগঞ্জ কামিল মাদরাসায় আলিম স্তরে ০৪ (চার) টি বিষয়ের প্রভাষক (পদার্থ, গণিত, রসায়ন ও জীববিদ্যা) পদ অনুমোদন ও আলিম স্তরে বিজ্ঞান বিভাগ খোলার অনুমতি পুনর্বিবেচনা প্রসঙ্গে।**

সূত্রঃ মাদরাসা প্রধানের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার সদর উপজেলাধীন শায়েস্তাগঞ্জ ডাকঘরের অন্তর্গত শায়েস্তাগঞ্জ কামিল মাদরাসায় আলিম স্তরে ০৪ (চার) টি বিষয়ের প্রভাষক (পদার্থ, গণিত, রসায়ন ও জীববিদ্যা) পদ অনুমোদন ও আলিম স্তরে বিজ্ঞান বিভাগ খোলার নিমিত্ত মাদরাসা প্রধানের দাখিলকৃত কাগজপত্র, নথি ও উপজেলা নির্বাহী অফিসারের অগ্রায়নপত্রের সংযোজিত পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী নিম্নরূপ তথ্য পেশ করা হলো (নির্ধারিত তথ্যছক সংযুক্ত)। মাদরাসা কোড: **18856, EIIN: 129442.**

| | | |
|---|---|---|
| ১। আলিম অনুমতি ও স্বীকৃতি | ঃ | ০১/০৭/১৯৪০ হতে প্রাপ্ত। |
| ২। বিজ্ঞান বিভাগের শিক্ষক তথ্য | ঃ | আলিম স্তরের ০৪ (চার) জন (পদার্থ, রসায়ন জীববিদ্যা ও গণিত) প্রভাষক নিবন্ধনকৃত। |
| ৩। আলিম বিজ্ঞানের শিক্ষার্থী | ঃ | পরিদর্শন প্রতিবেদনে ৩০ (ত্রিশ) জন শিক্ষার্থীর উল্লেখ আছে। |
| ৪। আলিম বিজ্ঞানাগার সংখ্যা ও তথ্য | ঃ | পরিদর্শন প্রতিবেদন মতে, ০৪টি বিজ্ঞানাগার আছে। |
| ৫। তহবিল | ঃ | তহবিলদ্বয়ের শর্ত পূরণ আছে। |
| ৬। কমিটি | ঃ | কমিটি আছে। |
| ৭। ফলাফল | ঃ | **জেডিসিঃ** ২০১৩ সালে ৭২ জনে ৬৯ জন, ২০১৪ সালে ৬৭ জনে ৬৭ জন এবং ২০১৫ সালে ৭৫ জনে ৭৪ জন জেডিসি পরীক্ষায় উত্তীর্ণ।<br>**দাখিলঃ** ২০১৪ সালে ১৫ জনে ১৪ জন, ২০১৫ সালে ২৫ জনে ২৫ জন এবং ২০১৬ সালে ২০ জনে ১৮ জন দাখিল (বিজ্ঞান) পরীক্ষায় উত্তীর্ণ।<br>**আলিমঃ** ২০১৩ সালে ৮২ জনে ৮১ জন, ২০১৪ সালে ১১১ জনে ৯৮ জন এবং ২০১৫ সালে ৮৯ জনে ৮৭ জন আলিম পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৮। মহিলা শিক্ষক | ঃ | পরিদর্শন প্রতিবেদন মতে, উক্ত মাদরাসায় নিয়োগকৃত মহিলা শিক্ষক ০৩ (তিন) জন। মহিলা কোটা পূরণ নাই। |

বর্ণিত তথ্যের ভিত্তিতে মহিলা কোটা পূরণ সাপেক্ষে উল্লিখিত মাদরাসায় আলিম স্তরে ০৪ (চার) টি বিষয়ের প্রভাষক (গণিত, পদার্থ, রসায়ন ও জীববিদ্যা) পদ অনুমোদন ও আলিম স্তরে বিজ্ঞান বিভাগ খোলার অনুমতি প্রদান করা যায়।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ......০১ (এক)...... পাতা।

(প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা)
চেয়ারম্যান (দায়িত্বপ্রাপ্ত)
ও
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত সচিব (মাদরাসা)
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।